খোঁজ
www.khonj.live
ভিজিট করুন, আর পেয়ে যান
সব কিছু ... নিমেষে।

জরুরী

আমার শহর

অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

০৯ / ৫৮৪ aamaarshahor.com

মালদা ১৮ ভাদ্র, ১৪৩২ বৃহস্পতিবার, ৪ সেপ্টেম্বর, ২০২৫ ২৩ বর্ষ ১১তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

চিকিৎসক (OPD) সংক্রান্ত খোঁজ-খবর
বিনামূল্যে
mediguide.in
অসুস্থতায় দিশেহারার দিন শেষ।

হেল্‌থ গাইড

অ্যাটাক মানে ফেলিওর নয়

হার্ট অ্যাটাক এবং হার্ট ফেলিওর-এই দুটি শব্দ প্রায়শই সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করে। যদিও উভয়ই হার্টের সঙ্গে সম্পর্কিত গুরুতর অসুস্থতা, তাদের কারণ, লক্ষণ এবং চিকিৎসার পদ্ধতি সম্পূর্ণ ভিন্ন। এই দুটি অবস্থার মূল পার্থক্য বোঝা জরুরি, কারণ সঠিক সময়ে সঠিক পদক্ষেপ জীবন বাঁচাতে পারে।

হার্ট অ্যাটাক

হার্ট অ্যাটাক একটি আকস্মিক ঘটনা। যখন হার্টের পেশিগুলিতে রক্ত সরবরাহকারী প্রধান ধমনী (করোনারি আর্টারি) সম্পূর্ণরূপে বা আংশিকভাবে অবরুদ্ধ হয়ে যায়, তখন হার্ট অ্যাটাক হয়। এই অবরোধ সাধারণ ধমনীতে চর্বি জমার কারণে তৈরি হওয়া প্লাক ফেটে গিয়ে রক্ত জমাট বাঁধার ফলে ঘটে। রক্তপ্রবাহ বন্ধ হয়ে যাওয়ার কারণে হার্টের পেশির সেই অংশ অক্সিজেনের অভাবে মারা যেতে শুরু করে।

কারণ

ধমনীর ভিতরে চর্বি, কোলেস্টেরল এবং অন্যান্য পদার্থের প্লাক জমা হওয়া (এথেরোস্ক্লেরোসিস)।

এই প্লাক ফেটে গিয়ে রক্ত জমাট বাঁধা, বা রক্তনালিকে সম্পূর্ণভাবে বন্ধ করে দেয়।

লক্ষণ

- বুকে তীব্র ব্যথা বা চাপ, যা বুক থেকে বাম হাত, ঘাড়, চোয়াল বা পিঠে ছড়িয়ে পড়তে পারে।
- শ্বাসকষ্ট।
- বমি বমি ভাব বা বমি।
- ঠান্ডা ঘাম।
- মাথা ঘোরা বা অজ্ঞান হয়ে যাওয়া।
- অত্যন্ত দুর্বল অনুভব করা।

হার্ট অ্যাটাক একটি জরুরি অবস্থা এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন। সময়মতো চিকিৎসা না পেলে হার্টের স্থায়ী ক্ষতি হতে পারে বা রোগীর মৃত্যুও হতে পারে। চিকিৎসা পদ্ধতিতে সাধারণত রক্তনালি খুলে দেওয়া (অ্যাঞ্জিওপ্লাস্টি) বা বিকল্প রক্তনালি তৈরি করা (বাইপাস সার্জারি) এবং ওষুধ ব্যবহার করা হয়।

হার্ট ফেলিওর

হার্ট ফেলিওর সম্পূর্ণ ভিন্ন একটি দীর্ঘস্থায়ী অবস্থা। এর মানে এই নয় যে হার্ট কাজ করা বন্ধ করে দিয়েছে, বরং এর অর্থ হল, হার্ট শরীরের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত রক্ত পাম্প করতে পারছে না। এটি একটি প্রগতিশীল অবস্থা যা ধীরে ধীরে খারাপের দিকে যায়।

সময়ের সঙ্গে সঙ্গে হার্টের পেশি দুর্বল বা শক্ত হয়ে যেতে পারে, যার ফলে এটি কার্যকরভাবে রক্ত পাম্প বা গ্রহণ করতে অক্ষম হয়।

কারণ

- পূর্ববর্তী হার্ট অ্যাটাক, যা হার্টের পেশিকে দুর্বল করে দেয়।
- উচ্চ রক্তচাপ, যা হার্টের উপর অতিরিক্ত চাপ ফেলে।
- ডায়াবেটিস।
- হার্টের ভালভের সমস্যা।
- অ্যারিদমিয়া (অনিয়মিত হৃদস্পন্দন)।
- কিছু দীর্ঘস্থায়ী রোগ।

লক্ষণ

- শারীরিক কার্যকলাপের সময় ব বিশ্রামকালে শ্বাসকষ্ট, বিশেষ করে শুয়ে থাকলে শ্বাসকষ্ট বেড়ে যাওয়া।
- পা, গোড়ালি এবং পেটে তরল জমার কারণে ফোলাভাব।
- ক্লান্তি এবং দুর্বলতা।
- নিয়মিত কাশি বা বুকে কফ জমা।
- দ্রুত ওজন বৃদ্ধি (শরীরে তরল জমার কারণে)।
- ক্ষুধামন্দা এবং বমি বমি ভাব।

(এরপর ২-এর পাতায়)

দেখছি যেমন আরশিতে

মাইলফলক

যখন ঘামের গন্ধে অলস কর্মজীবন
জেগে উঠে হাই তোলে, ছিবড়ের মতো নাগ,
অকারণ স্নায়ুযুদ্ধে রাতহীন চাঁদে মন,
ধুলোমাখা শিশিরের শারদীয়া অনুরাগ।
টুকরো টুকরো করে সভ্যতা সাজাই ঘরে,
মেঘ ভাঙা বৃষ্টি তৈরি শিলার বেশ সরাতে
তবুও ছুটির নামে ভ্রমণ সার্থক করে,
পুজো-মাইলফলকে বাজার চায় ভরাতে।

আত্মকল্যাণ

এক আবর্তন বন্যা এসে ভেঙে দিয়ে গেছে
রাজপথে জমে থাকা মৌন কান্নার মিনার,
ঠান্ডা ঘরে কাটাকুটি খেলা– চাঁদরাত চেঁছে
বাড়তি টাকায় পাহাড় বা সমুদ্রকিনার
সহজেই ঘুরে আসা যায়, পরিবেশ তুচ্ছ!
মদ খেয়ে কবি সাজে কেউ, কেউ জনসেবী,
অদৃশ্যই থেকে যায় মেকি মানুষের পুচ্ছ,
স্বার্থসিদ্ধি হলে গালমন্দ, ভয়ে দেবদেবী।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

টেক্কা দেবে সবাইকে,

‘উদ্যোগপতি হও’

বাঙালি ব্যবসা করতে পারে। স্বপ্ন সাধারণ হলেও তাকে বাস্তবায়িত করার ইচ্ছা-পরিশ্রম জরুরি। অভিজ্ঞতা শেয়ার করে অনুপ্রেরণা দিলেন মহিলা উদ্যোগপতি, মিষ্টান্ন-র কর্ণধার অনিন্দিতা মিত্র।

যে রাঁধে, সে চুলও বাঁধে, সে ব্যবসাও করে। তাঁর গুণের পরিসীমা নেই। বাঙালি বাড়ির শিক্ষিত গেরস্থ বধূ থেকে মিষ্টান্ন ইন্ডাস্ট্রির অন্যতম সফল উদ্যোগপতি অনিন্দিতা মিত্রের কথাই ধরা যাক। সেই সব রন্ধনপটিয়সী ও সংসার ম্যানেজমন্টে নিপুণা গৃহবধূদের প্রেরণা তিনি, যাঁরা নিজে কিছু করার জন্য মনে মনে স্বপ্ন বুনে চলেছেন কিন্তু সাহস করে ঝাঁপিয়ে পড়তে পারছেন না।

হুগলি, কলকাতার মিষ্টান্ন শিল্প বংশপরম্পরায় মোদক, ঘোষ, মল্লিক, সেন, নন্দীদের দখলে। শতাব্দীপ্রাচীন ঐতিহ্যবাহী এই সব প্রখ্যাত দোকান পুরুষনিয়ন্ত্রিত। সেখানে বছর তিনেক আগে প্রথম মিষ্টান্ন দোকান খুলে আজ ছ'টি দোকানের মালকিন হয়ে গিয়েছেন অনিন্দিতা ও তাঁর তিন জা। এই ব্যবসা করার কোনও পারিবারিক অভিজ্ঞতা ছিল না কারও। বাড়ির তিন বউ মিলে মিষ্টির দোকানের ব্যবসা সামলানো, তার পরিধি বিস্তার করার রেকর্ড এই বাংলায় আর কারও নেই বলেই অনুমান।

পুঁজি বলতে ছিল বাড়ির সামনে শ্বশুরবাড়ির কিনে রাখা একটা ছোট্ট দোকানঘর। পাড়ার ভিতরে সেই ছোট্ট ঘর থেকে কোন ব্যবসা করা যাবে ভাবতে ভাবতে মিষ্টিপ্রেমী অনিন্দিতার মাথায় আসে মিষ্টান্ন ভাণ্ডারের কথাই। বাঙালি শেষ পাতে একটু মিষ্টি খাবেই। তাই আশপাশের এলাকায় অনেক মিষ্টির দোকান থাকলেও তাঁদের দোকান চলবেই ধরে নিয়েছিলেন যাদবপুর ইউনিভার্সিটির অর্থনীতির প্রাক্তনী। ব্যাঙ্কের উচ্চপদে চাকরি করা স্বামীর সঙ্গে বিয়ের পর সংসারেই মন দিয়েছিলেন। দুই সন্তানের জন্মের পর তাদের বড় করার দিকেই মন দিয়েছিলেন বেশি। নতুন কিছু করার স্বপ্ন কিন্তু সব সময়ই মনের কোণে বাসা বেঁধেছিল। স্বামী অমিত মিত্রও সাহস জুগিয়েছিলেন, দিয়েছিলেন উৎসাহ। অবশেষে অল্প পরিকল্পনা করেই মিত্র বাড়ির তিন তরুণী গিন্নি কোমর বেঁধে নেমে পড়লেন ‘মিষ্টান্ন’-র জন্ম দিতে। বাড়ির পরিচারিকার কাছ থেকে জানতে পারলেন একটু দূরেই একজন ভালো ময়রা আছে যে, মিষ্টির দোকানে কাজ করত। তাকে ডেকে নিলে অনিন্দিতারা। অমিতবাবুও খোঁজ নিতে শুরু করলেন কোথায় ভাল দুধ পাওয়া যায়। কীভাবে মিষ্টির প্রক্রিয়াকরণ হয়? শুরু থেকেই স্বাদ আর মানুষের সাধ্যের মধ্যে মিষ্টির দাম রাখার দিকে বিশেষ নজর দিয়েছে মিত্র পরিবার। প্রথম দোকান খোলার পরই যে সব কিছু মসৃণ মিষ্টান্ন-র কর্ণধার অনিন্দিতা মিত্র ও অমিত মিত্র চলেছিল তা অস্বীকার করলেন অনিন্দিতা। ঠকে, ঠকে শিখেছেন সবাই। বুঝেছেন সফল হতে ‘ইউনিক’ কিছু করতেই হবে।

সোনারপুর, শাদিনগর, মুকুন্দপুর, কালিকাপুর, সাউই উইন্ডস গ্যালোরিয়া, অহস্যানগরের পর সম্প্রতি কসবার প্রাইম লোকেশনে ‘মিষ্টান্ন’র নতুন দোকান উদ্বোধনের দিন তৃপ্তির হাসি হেসে অনিন্দিতা জানালেন, “ভিন্ন বয়সের মানুষ ভিন্ন স্বাদের মিষ্টি ও নোনতা পছন্দ করে। আমরা সেইভাবেই সাজিয়েছি মিষ্টির সম্ভার। নারকেল পাটিসাপটা, ক্ষীর পাটিসাপটা, ছানার ক্ষীর, কালোজাম, রসগোল্লার মতো বাংলার সাংস্কৃতির বাহক মিষ্টির পাশাপাশি নতুন প্রজন্মের পছন্দের স্বাদের (এরপর ২-এর পাতায়)

আনন্দন শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৬
আগামী ২০২৬ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে নবম শ্রেণিতে খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা (শনিবার ১১টা থেকে ১টা)
(উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৬-এর ক্ষেত্রে প্রযোজ্য)

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

সেপ্টেম্বর — ২০২৫

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
01.09.2025	05:18 ↑ (115°)	17:56 ↑ (245°)
02.09.2025	05:18 ↑ (115°)	17:55 ↑ (245°)
03.09.2025	05:19 ↑ (115°)	17:54 ↑ (245°)
04.09.2025	05:19 ↑ (115°)	17:53 ↑ (245°)
05.09.2025	05:19 ↑ (115°)	17:52 ↑ (245°)
06.09.2025	05:20 ↑ (115°)	17:51 ↑ (245°)
07.09.2025	05:20 ↑ (115°)	17:50 ↑ (245°)
08.09.2025	05:20 ↑ (115°)	17:48 ↑ (245°)
09.09.2025	05:21 ↑ (115°)	17:47 ↑ (245°)
10.09.2025	05:21 ↑ (115°)	17:46 ↑ (245°)
11.09.2025	05:22 ↑ (115°)	17:45 ↑ (245°)
12.09.2025	05:22 ↑ (115°)	17:44 ↑ (245°)
13.09.2025	05:22 ↑ (115°)	17:43 ↑ (245°)
14.09.2025	05:23 ↑ (115°)	17:42 ↑ (245°)
15.09.2025	05:23 ↑ (115°)	17:41 ↑ (245°)
16.09.2025	05:23 ↑ (115°)	17:40 ↑ (245°)
17.09.2025	05:24 ↑ (115°)	17:39 ↑ (245°)
18.09.2025	05:24 ↑ (115°)	17:38 ↑ (245°)
19.09.2025	05:24 ↑ (115°)	17:37 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

স্তন ক্যানসারে আগাম সতর্কতা

আজকের দিনে স্তন স্ক্রিনিং শুধুমাত্র একটি পরীক্ষা নয়, বরং সচেতনার প্রথম ধাপ। নিয়মিত স্ব-পরীক্ষা, চিকিৎসকের পরামর্শ এবং প্রয়োজনে ম্যামোগ্রাফি এই সহজ পদ্ধতিগুলো আপনাকে অনেক আগে থেকেই সুরক্ষিত রাখতে সাহায্য করে। অনেকসময় শরীর নিজেই সঙ্কেত দেয়, শুধু দরকার একটু মনোযোগ। বর্তমান সময়ে নারীদের মধ্যে স্তন ক্যানসার একটি গুরুতর সমস্যা। যদিও সময়মতো শনাক্ত হলে আধুনিক চিকিৎসার মাধ্যমে এই রোগ থেকে বাঁচা সম্ভব। স্তন ক্যানসারে মৃত্যুহার কমানোর সবচেয়ে কার্যকর উপায় হল - প্রাথমিক পর্যায়ে রোগ শনাক্ত হলে চিকিৎসা হয়ে ওঠে অনেক সহজ। তাই নিজেই সতর্ক থাকুন। মনে রাখবেন, সময়মতো স্তন পরীক্ষা হতে পারে জীবন বাঁচানোর চাবিকাঠি।

স্তন স্ক্রিনিং করবেন কীভাবে?

স্তন স্ক্রিনিং-কে আমরা সাধারণ তিনটি পর্যায়ে বাগ করে দিতে পারি —

স্ব-স্তন পরীক্ষা ঃ প্রথমে বলি সেই পদ্ধতির কথা, যেখানে মেয়েরা নিজেরাই নির্দিষ্ট নিয়মে স্তন পরীক্ষা করতে পারেন। এটি প্রতি মাসে অন্তত একবার করা উচিত। বিশেষত, মেনষ্ট্রুয়েশন বা মাসিক শেষ হওয়ার কয়েকদিন পর, যখন স্তন তুলনামূলকভাবে কম সংবেদনশীল থাকে। তবে যে (এরপর ৩-এর পাতায়)

Hyper Link সহ
Digital V Card
এখন মাত্র 300 টাকায়।
(আজীবন বারবার ব্যবহারযোগ্য)
(কার্ডে আপনার পছন্দমতো 3 টি Field Active থাকবে।)
9233 44 45 46

সুস্থ থাকতে নিয়মিত মধু খান রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে এর জুড়ি নেই।
তুলসী, ইউক্যালিপটাস, কালোজিরা, সজনে, পাহাড়ী ফুলের মধু ও সুন্দরবনের মধু এবং অর্গ্যানিক মধু বুক করুন। ৫ দিনের মধ্যে হোম ডেলিভারী পাবেন।
ঝান্ডু, গৌড়বঙ্গ, ডিসানো, সাফোলা, বৈদ্যনাথ বিভিন্ন নামী ব্রান্ডের মধু পাওয়া যায়।

● বিশুদ্ধ মধু ইম্যুনিটি বাড়ায় ● সালফার মিশ্রিত চিনি বর্জন করুন ● চিনির বিকল্প হিসাবে মধুর ব্যবহার বাড়ান ● ১০০% পরীক্ষিত মধু ● সারা ভারতে হোম ডেলিভারী।
ডেলিভারী পার্টনার ঃ amazon অনুমোদিত ক্যুরিয়ার। সর্বাধিক ৫ দিনে ডেলিভারী। বুকিং সহায়তা ঃ 9233 44 45 46
বিভিন্ন ব্রান্ডের সুন্দরবনের মধু, পাহাড়ী মধু ও অর্গ্যানিক মধুও পাওয়া যায়। ❁ বিক্রয়ার্থে একসাথে ১০ কে.জি. ক্রয়ে ১০% ছাড়।

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

• শর্মা (কর্মকার) মালদা নিবাসী শান্ডিল্য 28+/5′1′′ M.A. পাত্রীর জন্য সঃ চাঃ উপযুক্ত সুপাত্র চাই। M - 9800370527. HUF-1690

• মাহিষ্য 26+/5′ B.A. (H), M.A., D.El.Ed পাশ ও টেট্ পাশ পাত্রীর জন্য সঃ চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 8371036019. HUF-1639

• বৈশ্য সাহা 43/4′10′′ মালদা শহরে নিজস্ব বিউটি পার্লার, ডিভোর্সী (6 বছরের কন্যা সন্তান বর্তমান)। উপযুক্ত সুউপায়ী পাত্র কাম্য। M - 8918922303. HUF-1688

• তিলি 25+/5′2′′ স্নাতক, একমাত্র কন্যা সুশ্রী, ফর্সা পাত্রীর উপযুক্ত চাকুরে / ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 6297542712 / 9475935015. HUF-1516

• কায়স্থ 31+/5′2′′ B.Sc. (ফ্যাশন ডিজাইনার) কম্পিউটার কোর্স করা, বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা, ফর্সা, সুন্দরী পাত্রীর সঃ চাঃ / বেঃ সঃ চাঃ / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 98006 75250, শীঘ্রই বিবাহ। HUF-1695

• বসাক (দাস) 27/5′2′′ B.Sc., Fashion Designing, ফর্সা, সুশ্রী, প্রতিষ্ঠিত পরিবারের পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র কাম্য। SC / ST বাদে। ঘটক বা ম্যাট্রিমনি নিষ্প্রয়োজন। M - 8250756504. HUF-1660

কেন্দ্রীয় সরকারী চাকুরে,
মালদা নিবাসী 28+/4′11′′
B. Pharma,
উজ্জ্বল শ্যামবর্ণা, হিন্দু বাঙালি,
তপশিলি উপজাতি,
সাঁওতাল পাত্রীর জন্য
উপযুক্ত সরকারী চাকুরে /
প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য।
M - 82590 87733 (দাদা),
77970 41337 (মা)।
OL-3794

ব্রাহ্মণ, বদ্যি পাত্র চাই
ব্রাহ্মণ, বদ্যি 34
(DOB. - 28.06.91) / 5′1′′
Ph.D,
সরকারী বিশ্ববিদ্যালয়ে
সহকারী প্রফেসর (চুক্তিবদ্ধ),
সুন্দরী
(পিতা - রিটায়ার্ড ব্যাঙ্ক অফিসার)
পাত্রীর
সুযোগ্য, সুশিক্ষিত,
ডাঃ / ইঞ্জিঃ /
সঃ উচ্চ পদস্থ অফিসার,
শিক্ষিত পরিবারের
ব্রাহ্মণ পাত্র কাম্য।
M - 96477 29849.
OL-3758

পাত্র চাই

• হরিশ্চন্দ্রপুর নিবাসী মাহিষ্য 28/5′5′′ M.A. (Eng. Hons) পাত্রীর জন্য সরকারী চাকুরে পাত্র কাম্য। M - 8918062940. OL-3786

• Gen. দাস 34/5′3′′ M.A., B.Ed, ফর্সা, সুশ্রী, ডিভোর্সী পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র চাই। M - 8927944491. OL-3772

কাশ্যপ গোত্র 28/5′2′′
নার্সিং স্টাফ, মালদা মেডিক্যাল কলেজ। ফর্সা পাত্রীর জন্য সরকারী চাকুরে, উচ্চ শিক্ষিত সুপাত্র চাই।
M - 90640 56416 / 89006 49788.
HUF-1694

কায়স্থ 26/5′1′′ GNM Pass,
ভালুকা হসপিটালে
সিনিয়ার নার্স,
সুশ্রী পাত্রীর জন্য
সরকারী চাকুরে সুপাত্র কাম্য।
M - 83482 58621.
HUF-1642

কর্মকার 26+/5′6′′
Retd. H.S. শিক্ষকের কন্যা M.Sc. (Math.), B.Ed., ফর্সা, সুশ্রী, স্লিম। দাদা M.B.B.S. ডাক্তার, পাত্রীর জন্য ডাক্তার / অধ্যাপক / উচ্চ পদস্থ সঃ চাঃ, সম্ভ্রান্ত পরিবারের উপযুক্ত সুপাত্র কাম্য।
M - 84365 17607
KST-1876

পাত্রী চাই

• মালদা, কর্মকার 46/5′5′′ হাইস্কুল শিক্ষক। উপযুক্ত সুপাত্রী চাই। M - 7584911541. HUF-1662

• বৈশ্য সাহা, মালদা শহরে বাস, 34+/5′7′′ B.Tech. (Com. Sc.), রেল দপ্তরে Tech. Gr.-D পদে অফিসে Comp.-এ কর্মরত। মা, বাবা উভয়ে রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণ (26 - 30 বঃ) চাকুরীরতা অগ্রগণ্যা। M - 9475309781. OTS-1725

বৈশ্য দাস, মালদা 33+/5′6′′
M.A., B.Ed,
নবোদয় বিদ্যালয়ে
(কেন্দ্রীয় সরকার) শিক্ষক পাত্রের
জন্য সুশ্রী, শিক্ষিতা,
কেঃ সঃ / রাঃ সঃ চাকুরীরতা,
27 - 30 মধ্যে সুপাত্রী কাম্য।
M - 97334 74387.
HUF-1644

পাত্রী চাই

• কায়স্থ (দত্ত) 33/5′8′′ স্নাতক, বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত পাত্রের ঘরোয়া, সুন্দরী পাত্রী চাই। M - 9735558792. HUF-1679

• কায়স্থ দাস 39/5′5′′ সরকারী চাকুরীজীবি (একমাত্র পুত্র)। শিক্ষিকা / সঃ চাঃ পাত্রী কাম্য। M - 8759573703. HUF-1652

• মাহিষ্য, মালদা নিবাসী 30/5′7′′ Mackintosh Burn (Govt. Sector), মালদায় Posting পাত্রের জন্য শিক্ষিতা সুপাত্রী কাম্য। M - 6289798996 / 6295400821. KST-1873

• কায়স্থ 39+/5′6′′ প্রাথমিক শিক্ষক, খুব অল্প দিনের ডিভোর্সী ইস্যুহীন পাত্রের জন্য উপযুক্ত পাত্রী চাই। M - 9832071274. OL-3792

• কায়স্থ 38/5′6′′ B.E. (CIVIL), সঃ চাঃ (অবিবাহিত বোন আছে) পাত্রের উচ্চ শিক্ষিতা, অদেবারি, প্রকৃত ফর্সা, সুন্দরী পাত্রী কাম্য। শীঘ্র বিবাহ। মালদা- 9609919160 / 8918723719. HUF-1681

• কায়স্থ 33+/5′4′′ Math.(H) মালদা নিবাসী, একমাত্র সন্তান, কলিকাতায় রাজ্য সরকারের ডাইরেক্টরেট অফিসে Clerk পদে কর্মরত, পিতা Retd কেঃ সঃ কর্মচারী পাত্রের জন্য অনূর্দ্ধা 26, ফর্সা, সুশ্রী, শিক্ষিতা ছোটো পরিবারের উপযুক্ত পাত্রী কাম্য। M - 8617810024. HUF-1692

• পৌন্ড্রক্ষত্রিয় (SC) 38+/5′7′′ Com. (H), MCA, WBCS Coaching করা, Eng., Med. স্কুলে কর্মরত পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 30 - 34 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। M - 7602221785. HUF-1624

• বৈশ্য সাহা 40+/5′7′′ D.El.Ed, M.A., B.Ed, শ্যামবর্ণ, সঃ চাকুরী (শিক্ষক) পাত্রের জন্য ফর্সা, সুশ্রী, সভ্য, মার্জিত, কালচারাল, 28 - 33 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। প্রতিষ্ঠিত পাত্রী অগ্রগণ্য। M - 9775951014. HUF-1632

• মাহিষ্য জেনারেল কাস্ট 30/5′11′′ কলিতে ব্যাঙ্কের হেড অফিসে উচ্চ পদে কর্মরত (অফিসার, স্কেল - II), সুদর্শন পাত্রের জন্য উচ্চ শিক্ষিতা, 27/5′4′′ মধ্যে, পৈতৃক বসতবাড়ি মালদা, কলিতে কর্মরতা অবদলীযোগ্য স্থায়ী চাকুরে পাত্রী কাম্য। M - 8250153721 (রাত 9 - 10 টা)। ঘটক / বিবাহ প্রতিষ্ঠান ব্যতীত যোগাযোগ করুন। OL-3767

কায়স্থ 28/5′7′′ স্নাতক,
প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের ফর্সা,
সুন্দরী, ঘরোয়া, শিক্ষিতা (মাধ্যমিক)
সুপাত্রী চাই। M - 94340 55569 /
99329 36364
(10 P.M. - 11 P.M.).
HUF-1675

কায়স্থ 36/5′3′′
M.A., B.Ed, ডিভোর্সী,
হাইস্কুল শিক্ষক পাত্রের
শ্যামবর্ণা, ঘরোয়া, সুন্দরী,
ডিভোর্সী (ইস্যুবিহীন) পাত্রী কাম্য।
M - 98006 22272.
HUF-1615

পরবর্তী

বিতরিত হবে
19 সেপ্টেম্বর, 2025,
শুক্রবার। বিজ্ঞাপন জমা
দেওয়ার শেষ তারিখ
15 সেপ্টেম্বর, 2025,
সোমবার,
সন্ধ্যা 7 টার মধ্যে।

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
(আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান
(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম
১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.live

ক্রয়

• সোয়া কাঠার মধ্যে ভালো অবস্থায় বাড়ী কিনতে চাই। সুভাষপল্লী অঞ্চল, সানিপার্ক। প্রকৃত বিক্রেতা যোগাযোগ করুন - 98833 81344 (সকাল 10 টা - 12 টা)। HUF-1674

বিক্রয়

• গোপালপুর থেকে জহরাতলা যাবার পথে আট কাঠা জায়গা বিক্রয় আছে। M - 96094 44888 / 9474035091. HUF-1696

• উত্তর সিঙ্গাতলা (ওয়ার্ড নং - 5) বড় রাস্তার উপরে 4th Floor, Approx 820 sq.ft. ফ্ল্যাট অতি সত্ত্বর বিক্রয় করা হবে। M - 8918665488. OTS-1739

1 No. গভঃ কলোনীতে
5th Floor-এ 824 sq.ft.-এর
2 BHK ফ্ল্যাট সত্বর বিক্রয়।
M - 89677 52300.
OL-3753

• বাঁধাপুকুর মোড়ে N.H.-এর সঙ্গে তিন বিঘা Commercial জমি সত্ত্বর বিক্রয়। যোগাযোগ -9332054668 (রাত্রি 7.30-9.30-এর মধ্যে)। HUF-1691

স্কুলে ব্যবহারের জন্য পুরানো হাইবেঞ্চ ও সিট বেল্ট, লোহার খাট, কাঠের সিঙ্গল চৌকি বিক্রয় আছে। শীঘ্রই যোগাযোগ করুন।
M - 94340 60441 / 97333 93502.
OTS-1736

1 No. Govt. কলোনী
সোনার তরী অ্যাপার্টমেন্টের
বিপরীতে
1 কাঠা ফাঁকা জায়গা
অতি সত্ত্বর বিক্রয়।
M - 70019 39105.
HUF-1685

3 No. Govt. কলোনীতে
স্কোয়ার নার্সিং হোমের পিছনে
150 sq.ft.
সাজানো দোকান ঘর
অতি সত্ত্বর বিক্রয়।
M - 70019 39105.
HUF-1684

মালদা শহরে বি. এস. রোডে
অগ্রণী ক্লাবের পাশে
প্রিয়ংবদা অ্যাপার্টমেন্টে 6th
ফ্লোরে 3 BHK, 1192 বর্গফুটের
ফুল ফার্নিশড ফ্ল্যাট
(ফার্নিচার ও 3 টি A.C. সহ)
সত্ত্বর বিক্রয়।
M - 79083 24212.
OL-3790

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে।
সত্ত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No. 97341 02876 / 96478 01310

টিউশন / কোচিং

ESTD. 1969
Mob. : 94753 91727
Ph : 03512-253113
SRISH CHANDRA MEMORIAL KINDERGARTEN
B.G. ROAD (Opp. UNION BANK), MOKDUMPUR, MALDA-732103
ADMISSION / ভর্তি ঃ ২০২৬
নার্সারী (৩+) L.KG, U.KG, Std.I, II, III, IV :
ভর্তির ফর্ম দেওয়া হচ্ছে : সকাল ১১টা - ১২টা
ভর্তির বয়স ঃ ১/১/২০২৬-এ প্রযোজ্য। Birth Certificate দেখিয়ে ফর্ম নিতে হবে।
"SRISH" - TRADITION OF EXCELLENCE - SINCE 1969

বিক্রয়

• দেশবন্ধুপাড়ায় প্রায় 2 কাঠা জায়গার উপর দ্বিতল বাড়ি বিক্রয় (খেলাঘর স্কুলের কাছে)। M - 9474035091 / 9749471906. HUF-1697

1 No. গভঃ কলোনীতে
150 sq.ft.-এর একটি দোকান
ঘর / গ্যারেজ সত্বর বিক্রয়।
M - 77976 05869.
OL-3752

কর্মখালি

সেলস্ / মার্কেটিং-এর জন্য কর্মঠ ছেলে প্রয়োজন। বেতন 10 - 12 হাজার। M - 94340 50052 / 93393 83124. HUF-1680

ইনভেস্টমেন্ট সার্ভিস

শেয়ার মার্কেটে
নিশ্চিত লাভ চান ?
BASIC TO ADVANCE
SWING TRADING
MENTORSHIP
PROGRAMME.
ONLINE MODE
M - 8617 666 834.
HUF-1678

ভাড়া / লীজ

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক 50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে। সাথে khonj.live ওয়েবসাইটে বিনামূল্যে 30 দিনের জন্য পোস্ট করুন।
WApp - 9233 44 45 46.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।
– সম্পাদক / প্রকাশক।

টিউশন / কোচিং

• পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে পলিটেক্‌নিক, সপ্তম - দ্বাদশ (সমস্ত বোর্ড) অঙ্ক করাচ্ছেন পাল স্যার। 9932239094. KST-1846

ভাড়া / লীজ

• 3 নং গভঃ কলোনীর পরশ পাথর অ্যাপার্টমেন্টের দোতলায় 2 BHK ফ্ল্যাট ভাড়া দেওয়া হবে। যোগাযোগ - 7363955457. OL-3793

গৌড় রোড পেট্রোল পাম্পের পাশে গোডাউন ভাড়া দিব। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন।
M - 70019 39105.
HUF-1686

TATA ACE
ছোটা হাতি
ভালো কন্ডিশনে ভাড়া দিব।
M - 70019 39105.
HUF-1687

1 নং গভঃ কলোনীতে গ্রাউন্ড ফ্লোরে দুই কামরার সুন্দর ফ্ল্যাট ভাড়া দেব। ভাড়া সাধ্যের মধ্যে।
M - 96099 06864.
OL-3789

কে. জে. সান্যাল রোডে (নেতাজী ক্লাবের কাছে) 1 BHK ফার্নিশড্ ফ্ল্যাট ভাড়া দিতে চাই। যোগাযোগ ঃ 89677 52300. HUF-1622

বিনয় সরকার রোডে
1 BHK (14′ x 14′)
কিচেন, ডাইনিং, বাথরুম ও যাতায়াতের পথ স্বতন্ত্র।
ব্যাঙ্ক / সরকারি চাকুরে,
হিন্দু পরিবারকে
ভাড়ায় দিব।
M - 98995 66292.
OL-3795

Women's College Road,
Malda Girl's School
-এর পাশে
Ground Floor
&
1st Floor,
2 Bedroom
with
Dining,
Kitchen & Bath
each Floor
ভাড়া দিব।
Bank / Govt. Service.
M - 94235 77424.
OL-3744

বাড়িতে বসে বিজ্ঞাপন দিন
WhatsApp
97754 54577-নম্বরে।

চিকিৎসা

পার্শ্ব প্রতিক্রিয়াহীন । স্বল্প ব্যয়ে চিকিৎসা
ডাঃ স্বরূপ সরকার
B.H.M.S., M.D. (W.B.U.H.S.), CONSULTANT HOMEOPATHIC PHYSICIAN
Ex-House Physician at M.B.H. Medical College & Hospital (Govt. of W.B.)
Ex-Lecturer at B.V.H.M.C. Sainthia, Birbhum.
চেম্বার ঃ- উত্তর সিঙ্গাতলা, তিতাস ক্লাবের কাছে, মালদা। M : 90836 16188
Mon to Sat :- 11:00 A.M. to 2:00 P.M. & 6:30 P.M. to 8:30 P.M., Sunday Closed.
বৃক্কে পাথর | হাঁপানি | মাইগ্রেন | আর্থ্রাইটিস
ফ্যাটি লিভার | ইউরিক অ্যাসিড | বিভিন্ন চর্মরোগ
জরায়ু / ডিম্বাশয়ে টিউমার | মহিলাদের জটিল রোগ
নানাবিধ পুরানো রোগ

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

'উদ্যোগপতি হও'

(প্রথম পাতার পর)

শাহিটুকুরা, হানি ক্রিম ডিলাইট, পনির কুলচা রোল, অ্যাপ্রিকট ড্রাই ফ্রুটস বাইটস, রেকড জামুন টার্ট, চকোলেট সন্দেশ, চকোলেট টার্ট, মিহিদানা কেক স্লাইস আমাদের দোকানের স্পেশাল। সাবেকি আর আধুনিক স্বাদের মিষ্টি ও স্ন্যাকস এক ছাদের তলায় নিয়ে আসা আমাদের অন্যতম লক্ষ্য ছিল, মিষ্টির পাশাপাশি কয়েকটি দোকানে দক্ষিণি, চাইনিজ ও স্ন্যাকসের লাইভ কাউন্টারও আছে। ভাল লাগে যখন দেখি স্কুল-অফিসের টিফিন বা শেষপাতে খাওয়ার জন্য আমাদের দোকানের খাবার পছন্দ করছে। ঘরোয়া বা অফিসের অনুষ্ঠান, পুজা-পার্বণে আমাদের নিরামিষ থালি বা কম্বো প্যাকেটের অর্ডারের জন্য মুহুর্মুহু ফোন আসে। এখন ক্রেতা যেমন দোকানে এসে কিনছে তেমনই অনলাইনেও অর্ডার দিচ্ছে। যুগের সঙ্গে তাল মিলিয়ে ক্রেতার রসনার পরিবর্তন বুঝে আমরা যেমন মিষ্টির স্বাদকে অন্যরকম করেছি তেমনি জোর দিয়েছি আমাদের অনলাইন ডেলিভারি পরিষেবার উপরও। ফোন করে আমরা খোঁজ নিই ক্রেতার মিষ্টি কেমন লাগল। কারও কোনও অভিযোগ থাকলে সঙ্গে সঙ্গে তাঁর বাড়িতে পৌঁছে দেওয়া হয় অন্য প্যাকেট। এমন আন্তরিকতায় মোড়া আধুনিক পরিষেবা দেওয়াই আমাদের লক্ষ্য। মানুষ অবাক হয়ে যান মিষ্টির দোকানের কাস্টমার কেয়ার সার্ভিস দেখে। কর্পোরেট ধাঁচে পরিষেবা আর আন্তরিক ব্যবহার পেয়ে ক্রেতারা খুশি হন। ফিরে ফিরে আসেন। এটাই আমাদের প্রাপ্তি।"

অনিন্দিতাদের ব্যবসা তরতরিয়ে এগোতেই বেসরকারি ব্যাঙ্কের উচ্চপদের চাকরি ছাড়তে একপ্রকার বাধ্য হন অমিতবাবু। বললেন, "মিষ্টির দোকানের পরিধি বাড়ানোর সুযোগ আসছিল। তাই অনিন্দিতার পাশে দাঁড়ানোটা দরকার হয়ে পড়েছিল। চাকরিটা তাই ছেড়েই দিই। দিনে কয়েক ঘন্টা ঘুম বাদ দিয়ে বাকি সারাক্ষণ আমার মাথায় এখন শুধু ঘোরে কী করে আমাদের দোকানের মিষ্টিকে আরও নতুন করা যায়। ফিউশন ও ঐতিহ্যের মিশেলে মিষ্টান্নকে এগিয়ে নিয়ে যাওয়াই আমাদের লক্ষ্য।"

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

স্টেরয়েড

(চতুর্থ পাতার পর)

চেহারা পরিবর্তন করা বা সেই চেহারা ধরে রাখার জন্য দীর্ঘদিন এই ধরনের স্টেরয়েড ব্যবহার করে। এর ফলে শরীরের ইমিউনিটি সিস্টেম অচিরেই ভেঙে পড়ে এবং এর প্রবাব এক এক করে পড়ছে কিডনি থেকে চোখে।

ফেলিওর নয়

(প্রথম পাতার পর)

✤ হার্ট ফেলিওরের চিকিৎসা সাধারণত জীবনযাত্রার পরিবর্তন, ওষুধের মাধ্যমে লক্ষণ নিয়ন্ত্রণ এবং হার্টের কার্যকারিতা উন্নত করার উপর দৃষ্টি নিবদ্ধ করে। কিছু ক্ষেত্রে, পেসমেকার, ডিফিব্রিলেটর বা গুরুতর পরিস্থিতিতে হার্ট প্রতিস্থাপনের প্রয়োজন হতে পারে।

উপসংহারে বলা যায়, হার্ট অ্যাটাক হল হার্টের রক্ত সরবরাহকারী ধমনীর একটি আকস্মিক অবরোধ, যেখানে হার্ট ফেলিওর হল হার্টের পাম্প করার ক্ষমতা কমে যাওয়ার একটি দীর্ঘস্থায়ী অবস্থা। উভয়ই গুরুতর হৃদরোগ, তবে তাদের উৎপত্তি, লক্ষণ এবং চিকিৎসার পদ্ধতি বিন্ন। হৃদরোগের যে কোনো লক্ষণ দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া অত্যন্ত জরুরি।

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

Guide - [584]_Jaruree Guide 01-09-2025 22:33 Page 3

বিএসএফ ১১২ হেড কনস্টেবল নিয়োগ

বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) নিয়োগ করতে চলেছে হেড কনস্টেবল পদে। অনলাইনে আবেদন করা যাবে বিএসএফের অফিশিয়াল ওয়েবসাইটের মাধ্যমে। এই নিয়োগের মাধ্যমে ১১২১ টি শূন্যপদ পূরণ করতে বিএসএফ। আগামী ২৫ আগষ্ট থেকে রেডিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হতে চলেছে। আর তা চলবে ২৩ সেপ্টেম্বর পর্যন্ত।

হেড কনস্টেবল (রেডিও অপারেটর)

৯১০ টি শূন্যপদ, হেড কনস্টেবল (রেডিও মেকানিক) ঃ ২১১ টি শূন্যপদ। এই চাকরির জন্য আবেদনকারীকে কী কী পরীক্ষা দিতে হবে।

আবেদনকারীদের ফিজিকাল স্টান্ডার্ড টেস্ট (পিএসটি) এবং ফিজিকাল এফিসিয়েন্সি টেস্ট (পেট) নেওয়া হবে। এছাড়াও থাকবে কম্পিউটার বেসড টেস্ট এবং ডকুমেন্ট ভেরিফিকেশন। কম্পিউটার বেসড টেস্টে ইংরেজির পাশাপাশি হিন্দিতে পরীক্ষা দেওয়ার সুযোগ থাকবে। এমসিকিউ ধরনের প্রশ্ন থাকবে। ২ ঘন্টার পরীক্ষা হবে। বিএসএফ ডিজি হেডকোয়ার্টার পরীক্ষার দিনক্ষণ ঠিক করবে। তার ভিত্তিতে নির্দিষ্ট কেন্দ্রে পরীক্ষা হবে। মোট ১০০ টি প্রশ্ন থাকবে এই কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় এবং প্রতিটি প্রশ্নে ২ নম্বর করে থাকবে।

হেড কনস্টেবল (রেডিও অপারেটিভ) পদে নিযুক্ত হওয়ার জন্য চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে ২০০ নম্বরের কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং ৫০ নম্বরের ডিকটেশন টেস্টে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। অর্থাৎ মোট ২৫০ নম্বরের মধ্যে আবেদনকারী কত নম্বর পেয়েছেন তার ভিত্তিতে তৈরি হবে মেরিট লিস্ট। অন্যদিকে, হেড কনস্টেবল (রেডিও মোকনিক) পদে নিযুক্ত হওয়ার জন্য কম্পিউটার ভিত্তিক নম্বরের উপর নির্ভর করেই মেধাতালিকা নির্মাণ করা হবে। অর্থাৎ ২০০ নম্বরের মধ্যে আবেদনকারী কত নম্বর পেয়েছেন তার ভিত্তিতে তৈরী হবে মেরিট লিস্ট।

অসংরক্ষিত শ্রেণি, ওবিসি এবং আর্থিকভাবে পিছিয়ে থাকা ব্যক্তিদের আবেদকারীদের দিতে হবে ১০০ টাকা। হেড কনস্টেবল (রেডিও অপারেটিভ) এবং হেড কনস্টেবল (রেডিও মোকনিক)-এই পদের জন্য আবেদন করতে হবে। প্রতি ক্ষেত্রেই ১০০ টাকা করে লাগবে। নেট ব্যাঙ্কিং, ক্রেডিট অথবা ডেবিট কার্ডের মাধ্যমে আবেদনকারী অ্যাপ্লিকশেন ফি জমা দিতে পারবেন। অন্যদিকে, তফসিলি জাতি, তফশিলি উপজাতি, বিএসএফ ডিপার্টমেন্টাল প্রার্থী, অবসরপ্রাপ্ত চাকরিজীবী এবং মহিলা আবেদনকারীদের কোনও অ্যাপ্লিকেশন ফি জমা দিতে হবে না।

কয়েক ফোঁটা কথামৃত

শুধু ঈশ্বর আছেন, বোধে বোধ করলে হবে? ঈশ্বরদর্শন হলেই যে সব হয়ে গেল, তা নয়। তাঁকে ঘরে আনতে হয়-আলাপ করতে হয়। কেউ দুধ শুনেছে, কেউ দুধ দেখেছে, কেউ দুধ খেয়েছে। রাজাকে কেউ কেউ দেখেছে। কিন্তু দু—একজন বাড়িতে আনতে পারে, তার খাওয়াতে-দাওয়াতে পারে। ১৭৯৯ সেজোবাবুর সঙ্গে যখন কাশী গিয়েছিলাম, মণিকর্ণিকার ঘাটের কাছে দিয়া আমাদের নৌকা যাচ্ছিল। হঠাৎ শিবদর্শন। আমি নৌকার ধারে এসে দাঁড়িয়ে সমাধিস্থ। মাঝিরা হৃদকে বলতে লাগল - 'ধর! ধর!' পাছে পড়ে যাই। যেন জগতের যত গম্ভীর নিয়ে সেই ঘাটে দাঁড়িয়ে আছেন। প্রথমে দেখলাম দূরে দাঁড়িয়ে তারপর কাছে আসতে দেখলাম, তারপর আমার ভিতরে মিলিয়ে গেলেন।

ছোট নরেন - আচ্ছা, আমাদের স্বাধীন ইচ্ছা (ফ্রি উইল) আছে কি না? শ্রীরামকৃষ্ণ-আমি কে খোঁজ দেখি। আমি খুঁজতে খুঁজতে তিনি বেরিয়ে পড়েন! 'আমি যন্ত্র তুমি যন্ত্রী'। চীনের পুতুল (রোবট) দোকানে চিঠি হাতে করে যায় শুনেছ! ঈশ্বরই কর্তা! অপনাকে অকর্তা জেনে কর্তার ন্যায় কাজ করো।

যতক্ষণ উপাধি, ততক্ষণ অজ্ঞান; আমি পণ্ডিত, আমি জ্ঞানী, আমি ধনী, আমি মানী; আমি কর্তা বাবা গুরু-এ সব অজ্ঞান থেকে হয়। "আমি যন্ত্র, তুমি যন্ত্রী"-এই জ্ঞান। অন্য সব উপাধি চলে গেল। কাঠ পোড়া শেষ হলে আর শব্দ থাকে না - উত্তাপও থাকে না। সব ঠান্ডা! শান্তিঃ শান্তিঃ!

ঈশ্বরীয় রূপ দর্শন করা যায়। যখন উপাধি সব চলে যায়, - বিচার বন্ধ হয়ে যায়, - তখন দর্শন। তখন মানুষ অবাক্ সমাধিস্থ হয়। থিয়েটারে গিয়ে বসে লোকে কত গল্প করে, - এ-গল্প সে-গল্প। যেই পর্দা উঠে যায় সব গল্প-টল্প বন্ধ হয়ে যায়। যা দেখে তাহাতেই মগ্ন হয়ে যায়।

তোমাদের অতি গুহ্যকথা বলছি। কেন পূর্ণ, নরেন্দ্র, এদের সব এত ভালবাসি। জগন্নাথের সঙ্গে মধুরভাবে আলিঙ্গন করতে গিয়ে হাত ভেঙে গেল। জানিয়ে দিলে, "তুমি শরীরধারণ করেছ-এখন নবরূপের সঙ্গে সখ্য, বাৎসল্য এইসব ভাব লয়ে থাকো। রামলালার উপর যা যা ভাব হত, তাই পূর্ণাদিকে দেখে হচ্ছে। রামলালাকে নওয়াতাম, খাওয়াতাম, শোয়াতাম, সঙ্গে সঙ্গে নিয়ে বেড়াতাম, - রামলালার জন্য বসে বসে কাঁদতাম, ঠিক এই সব ছেলেদের (অর্থাৎ পূর্ণ নরেন্দ্র আদিদের) নিয়ে তাই হয়েছে! দেখ না নিরঞ্জন। কিছুতেই লিপ্ত নয়। নিজের টাকা দিয়ে গরিবদের ডাক্তারখানায় নিয়ে যায়। বিবাহের কথায় বলে, 'বাপরে! ও বিশালাক্ষীর দ!' ওকে দেখি যে একটা জ্যোতিঃর উপর বসে রয়েছে।

পূর্ণ উঁচু সাকার ঘর - বিষ্ণুর অংশে জন্ম। আহা কি অনুরাগ!... নরেন্দ্রের খুব উঁচু ঘর - নিরাকারের ঘর। পুরুষের সত্তা।

ছোট নরেন এলো না? মনে করেছে, আমি চলে গেছি। (মুখুজ্জের প্রতি) কি আশ্চর্য! সে (ছোট নরেন) ছেলেবেলায় স্কুল থেকে এসে ঈশ্বরের জন্য কাঁদত। (ঈশ্বরের জন্য) কান্না কি কমেতে হয়! আবার বুদ্ধি খুব। বাঁশের মধ্যে বড় ফুটোওলা বাঁশ! (অর্থাৎ অনেক জিনিস ধরে) আর আমার উপর সব মনটা। আবার ভয় নাই - যে বাড়িতে থাকবে। দক্ষিণেশ্বরে তিনরাত্রি সমানে থাকে।

পূর্ণজ্ঞান আর পূর্ণভক্তি একই। 'নেতি' 'নেতি' করে বিচারের শেষ হলে, ব্রহ্মজ্ঞান। - তারপর যা ত্যাগ করে গিছিল, তাই আবার গ্রহণ। ছাদে উঠবার সময় সাবধানে উঠতে হয়। তারপর দেখে যে, ছাদও যে জিনিস - ইট-চুন-সুরকি-সিঁড়িও সেই জিনিসে তৈয়ারী।

আগাম সতর্কতা

(প্রথম পাতার পর)

নারীদের মেনোপজ অর্থাৎ, মাসিক বন্ধ হয়েছে, তাঁরা মাসের একটি নির্দিষ্ট দিন নির্ধারণ করে পরীক্ষা করতে পারেন। নিয়মিত স্ব-স্তন পরীক্ষা নারীদের নিজের স্তনের গঠন ও স্বাভাবিক পরিবর্তনের সঙ্গে পরিচিত করে তোলে। যার ফলে যে-কোনও অস্বাভাবিকতা মেয়েটির চোখে সহজেই ধরা পড়ে বা তিনি অনুভব করতে পারেন। বর্তমানে অনলাইনে এমন অনেক শিক্ষণীয় ভিডিও রয়েছে, যেগুলোর মাধ্যমে ঠিকভাবে স্ব-স্তন পরীক্ষা শেখা সম্ভব।

ক্লিনিক্যাল ব্রেস্ট এগ্‌জামিনেশন ঃ

এক্ষেত্রে একজন অভিজ্ঞ চিকিৎসক রোগীর পূর্ণ ইতিহাস যাচাই করে স্তন পরীক্ষা করেন। একজন অভিজ্ঞ চিকিৎসক, যিনি স্তনের সমস্যাগুলোর সঙ্গে পরিচিত, তিনি কখনও কখনও ক্যান্সার প্রকাশ পাওয়ার আগেই তা শনাক্ত করতে পারেন। তাছাড়া যেব নারীর স্তনে কোনও উপসর্গ রয়েছে, সেসব ক্ষেত্রে তিনি যথাযখ ভাবে পরীক্ষা করে ক্যান্সার আছে কি না, তা নিশ্চিত করতে পারেন।

ম্যামোগ্রাফি ঃ এটি স্তনের একটি বিশেষ এক্স-রে পরীক্ষা, যা দু'টি ভিন্ন কোণ থেকে করা হয়, যাতে স্তনের ভিতরে থাকা কোনও অস্বাভাবিক গাঁট বা গঠন স্পষ্ট ভাবে দেখা যায়। ম্যামোগ্রাফির মাধ্যমে খুব ছোট গাঁটও শনাক্ত করা সম্ভব, যেগুলো হাত দিয়ে সাধারণত অনুভব করা যায় না। তবে ম্যামোগ্রাফির সংবেদনশীলতা সর্বোচ্চ ৬০-৭০ শতাংশ পর্যন্ত অর্থাৎ, এটি সবক্ষেত্রে নির্ভুল নয়। তাই আমরা সাধারণ মানুষকে জোর দিয়ে বলতে চাই —নিজেদের ইচ্ছায় ম্যামোগ্রাফি করবেন না। আগে একজন চিকিৎসকের পরামর্শ নেওয়া অত্যন্ত জরুরি। কারণ, ম্যামোগ্রাফিতে অনেকসময় এমন কিছু অস্পষ্ট ফলাফল দেখা যায়, যেগুলো অকারণে আপনার মনে দুশ্চিন্তা সৃষ্টি করতে পারে। আবার অন্যদিকে যদি সত্যিই কোনও সমস্যা ধরা পড়ে, তাহলে চিকিৎসক তৎক্ষণাৎ চিকিৎসা শুরু করতে পারেন।

